



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(২৮০)/২০২২-২৩/ ৪৪

তারিখ: ১৪ মার্চ, ২০২৩

### কর্মী সংক্রান্ত ঘোষণা

আপনি জনাব সোনা মিয়া (এস-২৮০), মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ শাখা, জামালপুর, উক্ত শাখায় মাঠ সহকারীর দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮(ক), (খ), ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও আত্মসাতের দায়ে বিভাগীয় মোকদ্দমা নম্বর: ২৪/২০২২-২৩ দায়েরপূর্বক ২৫/০৮/২০২২ তারিখের পসব্য/প্রকা/প্রশা-২২(২৮০)/২০২২-২৩/১৪০২ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং উক্ত মোকদ্দমাটি তদন্তের জন্য জনাব ফজলে গুরী বোখারী, শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার), পল্লী সঞ্চয় ব্যাংক, বকসিগঞ্জ শাখা, জামালপুর-কে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মোকদ্দমাটি প্রবিধি মোতাবেক তদন্তান্তে তদন্ত প্রতিবেদন পেশ করে।

০২। এক্ষণে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিপ্লেশপূর্বক আপনি জনাব সোনা মিয়া, আপনাকে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করে আনীত অভিযোগ হতে অব্যাহতির আদেশ দেয়া হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেখ মোঃ জামিনুর রহমান)  
ব্যবস্থাপনা পরিচালক

জনাব সোনা মিয়া (এস-২৮০),  
মাঠ সহকারী  
মাদারগঞ্জ শাখা, জামালপুর।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(২৮০)/২০২২-২৩/ ৪৪ (৬)

তারিখ: ১৪ মার্চ, ২০২৩

### অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

- ০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ উপজেলা, জামালপুর।
- ০৪। সহকারী প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ০৫। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, জামালপুর।
- ০৬। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ শাখা, জামালপুর। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ডাউনলোড করে জনাব সোনা মিয়া, মাঠ সহকারী-এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হলো।
- ০৭। ব্যক্তিগত নথি/নথি।

(মোঃ আব্দুর রহমান)  
সিনিয়র অফিসার